“আন্তর্জাতিক প্রাকৃতিক দুর্যোগ প্রশমন দশক” দিবস-’৯৮

১৪ অক্টোবর

প্রাকৃতিক দুর্যোগ প্রশমন ও গণমাধ্যম

দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরো - দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান মন্ত্রণালয়

বাণী

পৃথিবীর অন্যান্য দেশের মত বাংলাদেশে ১৪ অক্টোবর ১৯৯৮ আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালিত হচ্ছে জেনে আমি আনন্দিত। শতাব্দীর ভয়াবহতম বন্যায় এবার বাংলাদেশের জনজীবন বিপর্যস্ত। এ প্রেক্ষাপটে দেশের সকল জেলা ও দুর্যোগপ্রবণ থানাসমূহে দিবসটি পালনের উদ্যোগ নেওয়া হয়েছে বলে আমি জানতে পেরেছি।

প্রাকৃতিক দুর্যোগে মানুষের জীবন ও সম্পদের মারাত্মক ক্ষতি সাধিত হয়। বিজ্ঞান সম্মত পূর্বপ্রস্তুতি ও সমন্বিত কার্যক্রম গ্রহণের মাধ্যমে দুর্যোগের ক্ষয়ক্ষতি কমিয়ে আনা সম্ভব। আমাদের সরকার কার্যকরভাবে দুর্যোগ মোকাবিলার লক্ষ্যে এ বিষয়টিকে সর্বাধিক গুরুত্ব দিয়েছে। আমরা দুর্গত মানুষের পাশে থেকে তাদেরকে যথাসাধ্য সেবা দানে দেশবাসীর কাছে অঙ্গীকারবদ্ধ।

এ বছর দিবসটির জন্য প্রতিপাদ্য হিসেবে গৃহীত হয়েছে প্রাকৃতিক দুর্যোগ নিবারণ ও গণমাধ্যম। প্রাকৃতিক দুর্যোগনিবারণ ব্যবস্থাদি গ্রহণে জনগণকে উদ্বুদ্ধ করতে গণমাধ্যমের ভূমিকা অপরিসীম। আমরা জাতীয় পর্যায় হতে তৃণমূল পর্যায়ে সার্থকভাবে দুর্যোগ মোকাবিলার জন্য প্রত্যেকের সক্ষমতা বৃদ্ধির জন্য দেশে ব্যাপক ভিত্তিক ব্যবস্থাপনা অবকাঠামো গড়ে তোলার ওপর বিশেষ গুরুত্ব দিয়েছি। পাশাপাশি দুর্যোগে জনগণের নিরাপদ আশ্রয়ের জন্য আরো আশ্রয় কেন্দ্র নির্মাণ, দুর্যোগ সম্বন্ধে সচেতনতা সৃষ্টির জন্য স্কুলের পাঠ্য পুস্তকে দুর্যোগের বিষয়বস্তু অন্তর্ভুক্ত করা হয়েছে। আমরা প্রাকৃতিক দুর্যোগে জনজীবনকে বিপর্যয়ের হাত হতে রক্ষা করতে ও ক্ষয়ক্ষতি কমিয়ে আনতে অঙ্গীকারবদ্ধ। এ লক্ষ্য অর্জনে ইতোমধ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। আমরা মনে করি গণমাধ্যমের যথাযথ ব্যবহারের মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনায় ইতিবাচক ফল লাভ সম্ভব।

দেশের আপামর জনসাধারণ যদি নিজেদের সামর্থ্য অনুসারে দুর্যোগ নিবারণে এগিয়ে আসেন তা'হলেই দিবসটি পালন সার্থক হবে। দেশবাসীর প্রতি আমার উদাত্ত আহ্বান আসুন আমরা সবাই জাতীয় দুর্যোগ মোকাবিলায় মানুষকে সচেতন করতে অবদান রাখি।

আমি আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস ১৯৯৮ উপলক্ষে গৃহীত কর্মসূচির সাফল্য কামনা করি।

জয় বাংলা জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক

শেখ হাসিনা
প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

DISASTER- 1998

Khabiruddin Ahmed
Director (Planning), DMB

Introduction :

Cyclone, accompanied by storm surges, is considered to be the most fatal disaster in Bangladesh. The terrible cyclones of 1960, 1961, 1970, 1991, 1997 and 1998 bear testimony to this fact. The pains of the floods of 1987 and 1988 were almost healed up. But this year's devastating flood broke all previous records and brought untold suffering for us. Considered from the point of its magnitude and duration, the flood-1998 will go down in our history as most terrible and unprecedented in the present century. The flood started in July 1998 and prolonged even up to the second half of September, 1998. This long period is a period of great ordeal for us. Never in our history flood prolonged so long and aggravated the sufferings of the people so much. It seemed it had no end. Moreover there was incessant rainfall for days together. It rained and rained without any stoppage or break. All the major rivers of the country namely the Padma, the Meghna, the Brahmaputra & the Jamuna flowed above the danger level and the flow was alarmingly increasing every day. People felt helpless in the hand of nature. The embankments and bands were threatened. The road link with the capital was disrupted from all sides. The two-third of the country went under water. Dwelling houses, buildings, educational institutions, food godowns, hospitals, post offices, jails and all other establishments were washed away. Miles after miles there was no trace of land. The meadows and paddy fields looked like a vast ocean. The roads & highways having link with various parts of the country went under water. One could not distinguish which was village, which was haor and which was road or highway. There was water everywhere and all around. People ran for shelter, leaving behind their houses and valuables. Those who did not get shelters lived on embankment and high raised land under the open sky. Some lived on the roofs of the houses along with livestocks. Men, women and children swimmed through water to fetch drinking water, food, fuel and medicine. Thus the flood dominated the whole scene, and people virtually became captive.

Elaboration :

The People of Bangladesh have fought for their freedom and Independence in the past. This time they had to fight against nature for their survival. Everyday flood water was increasing, but the people did not easily give in to catastrophic flood. They worked shoulder to shoulder with army, govt. officials, engineers and other experts to protect road, band and embankment. In some cases their attempts proved futile because of the devastating nature of the flood. But they succeeded in protecting the DND band from the threat of Shitolokhya and Buriganga. There were hundred breaches in the band and flood water started entering into the city. The people, assisted by army, departmental engineers and volunteers put sand bags in the breaches and repaired the band. Allah saved the Capital City from the colossal loss of life and property. The whole Capital City would have been under water within 2/3 hours in case the DND band would have collapsed. In the same way the Rajshahi Metropolitan city was saved from inundation by the untiring efforts of Army, BDR, Engineers, volunteers and people at large. Let me compare the flood-98 with some important floods in the past. The comparison is shown below :

Table Important Flood events in Bangladesh

Year	Area affectec (Sq. Km)	Percentage of Country territory affected	Type of flood
1955	51,300	35	Severe
1963	44,000	30	High
1969	42,800	29.5	High
1970	43,750	31	High
1974	52,600	37	Catastrophic
1987	57,300	39	Catastrophic
1988	91,500	62	Catastrophic
1989	1,00,000	68	Catastrophic

- High flood inundates more than 25 percent of area.
- Severe flood affects about 35 percent of area.
- Catastrophic flood affects more than 35 percent of area.
- 46.7 Million people were affected including 2329 deaths in 1988 flood.
- 32.5 Million people were affected including around 1000 deaths in 1998 flood.

The above comparison shows that the flood-98 was most devastating, inundating and affecting 68% of the area of the country although the number of deaths was much less than the number of deaths in 1988 flood. This is due to preparedness and public awareness. The Government thus deserves credit for handling the flood situation boldly and effectively.

Causes of flood-1998 :

The post mortem of flood-1998 is yet to be carried out. But from the surotehal, we come to know the apparent causes of flood which gave death-blow to our life, property and national economy. The origins of our major rivers namely the Padma, the Jamuna & the Brahmapatra lie outside Bangladesh. From Meteorological Department, SPARRSO and news media we learnt that this year there was heavy rainfall in Nepal, Assam, Meghalaya, Bihar, West Bengal as well as in Bangladesh. Our rivers carried that rain water from the huge catchment area outside Bangladesh. The passage of flood water to the Bay of Bengal was delayed due to high tide and also due to rise of sea level in the form of tsunamis as a result of earthquake in the seabed on 9th and 10th August, although experts discarded such view. It is also presumed that during the crisis period there was repeated earthquake in the sea bed and this retarded the smooth flow of flood water into the sea. Run-off from catchment area and oozing out of underground water were also the possible causes of flood. The rivers and canals in our country have lost their retaining capacity because of lack of dredging for long. This is also one of the causes of flood-1998. It is expected that experts from home and abroad will study the real causes of flood-1998 in near future and make recommendations to government for remedial measures.

The Water Records :

The water of Buriganga and Shitolokhya was rapidly increasing day by day. In 1988, the height of water in Shitolakhya was recorded 6.85 metre while that of Buriganga was 7.58 metre.

Now let us have a look at the condition of the rivers around Dhaka on 10th September, 1998.

River (Monitoring point)	Danger level (Metre)	Yesterdays hight (Metre)	Increase/ decrease (cm)	Above danger level (cm)	Forecast before 24 hours
Burigonga (Dhaka)	6.00	7.17	+13	117	+10
Shitolokhya (Narayangong)	5.50	6.91	+6	141	+
Turag (Mirpur)	5.94	7.90	+16	196	+11
Turag (Tongi)	6.08	7.46	+10	138	+11
Kaligonga (Taraghat)	8.38	10.20	+2	182	-5

This year the maximum flow of water of the country was observed at Hardinge Bridge point. On September 7, 1998 the height of water at Hardinge bridge point was 15.6 metre. Earlier it was 15.4 metre on 24th August, 1910. The height of water at Hardinge bridge point surpassed the previous record of 1910 on 7th September last.

Flood-98 broke all previous records for its longest duration and devastation and as such the suffering of the people knew no bounds. Large scale damage was done all over the country. The Emergency Operations Centre (EOC) located at the Ministry of Disaster Management & Relief has given the following statistics of damage :

Date : 30-09-1998

1. Nos. of affected Districts 52	2. Nos. of affected Thanas 366	3. Nos. of affected Unions 3323
4. Nos. of affected People 3,09,16,351	5. Crop damage (in acre) 14,23,320	6. Nos of houses damaged 98,0571
7. Nos. of deaths of persons 918	8. Nos. of deaths of livestock 26,654	9. Damaged Road in K.M 15,927
10. Damaged band in K.M. 4,528	11. Nos. of bridge / Culverts damaged 6890	12. Nos. of educational institutions damaged 1718
13. Nos. of shelters 2716	14. Nos. of people Sheltered 10,49,525	

Government Efforts :

The Government was monitoring and observing flood situation from the beginning of July, 1998. The Prime Minister held meeting of Council Committee & reviewed flood situation from time to time. The Prime Minister's Press Secretary gave press briefing on flood regularly. The State Minister in-charge of the Ministry of Disaster Management & Relief presided over a number of meetings of IMDMCC (Inter-Ministerial Disaster Management Co-ordination Committee) which was attended by Cabinet Secretary, Principal Secretary, Other Concerned Secretaries and Heads of Departments. In such meetings held in July, experts from Meteorological Department, SPARRSO & Water Development Board predicted that the country might experience severe flood this year. Such prediction was based on their experience, meteorological data and satellite imageries. Accordingly the State Minister in-charge of MDMR asked all concerned to be on alert and to take precautionary measures. Relief measures taken in cash and kind by the Government so far are given below :

Type of Relief materials at	Quantity	Allotment made by MDMR	Distributed by DCs	Stock in hand Districts H/Qrs
Rice	M.Ton	59,374	52,051	7,350
Wheat	M.Ton	1,375	577	274
Biscuit	Tin	9530	8788	1342
Saree	Pcs	1,48,016	1,51,107	19,655
Lungi	Pcs	54,281	49,815	10,811
Taka	Taka	6,27,43,540/-	5,08,52,320/-	
1,13,30,825/-				

The report is based on the information received from the EOC located at MDMR. Along with the relief work, the Government have launched massive rehabilitation and reconstruction programmes. The Prime Minister has appealed to the International organisations for help. Accordingly, Donor countries & Development agencies have come forward to help Bangladesh to come out of this crisis. NGOs and various voluntary organisations are also working hard to rehabilitate the flood affected people. News media, specially-Bangladesh Television, Bangladesh Beter, National Dailies, BSS, BBC & CNN have played significant role by highlighting the flood reports on top priority during the crisis period. We hope we will be able to rebuild our economy by the grace of Almighty.

বাণী

বিশ্বের অন্যান্য দেশের মত বাংলাদেশে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালনের উদ্যোগকে আমি স্বাগত জানাই। এ দিবসের প্রতিপাদ্য 'প্রাকৃতিক দুর্যোগ প্রশমন ও গণমাধ্যম' অত্যন্ত প্রাসংগিক ও সময়োচিত বলে আমি মনে করি।



বিশেষ ভৌগোলিক অবস্থান ও ভূ-খন্ডগত বৈশিষ্ট্যের জন্য বাংলাদেশ দুর্যোগপ্রবণ দেশগুলোর মধ্যে অন্যতম। প্রাকৃতিক দুর্যোগ প্রতিহত করা সম্ভব না হলেও পূর্ব প্রস্তুতি নিয়ে তা মোকাবিলা করা সম্ভব। এজন্য সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনার লক্ষ্যে প্রাতিষ্ঠানিক অবকাঠামো গড়ে তোলা ও জনগণকে দুর্যোগ মোকাবিলার প্রস্তুতি সম্বন্ধে সচেতন করা প্রয়োজন। এ ব্যাপারে গণমাধ্যমগুলোর ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ।

আমি আন্তর্জাতিক প্রাকৃতিক দুর্যোগ প্রশমন দিবস পালনের কর্মসূচীর সাফল্য কামনা করি।

বিচারপতি সাহাবুদ্দীন আহমদ
রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

বাণী

গঙ্গা-ব্রহ্মপুত্র ও মেঘনা নদী প্রবাহিত পলি দ্বারা বঙ্গোপসাগরের তীরে হাজার হাজার বছর পূর্বে বাংলাদেশের সৃষ্টি। প্রাকৃতিক দুর্যোগে বাংলাদেশে ভাঙ্গা-গড়া চলছে সৃষ্টি কাল থেকে। বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপের ফলে ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাস বার বার বাংলাদেশকে আঘাত করে ও জনপথ বিলীন হয়। হাজার হাজার মানুষ, গবাদিপশু প্রাণ হারায়। আবার মৌসুমী বায়ু, অমাবস্যা ও পূর্ণিমার কারণে বাংলাদেশ প্লাবিত হয়ে আসছে স্মরণাতীত কাল হতে। প্রাকৃতিক দুর্যোগ বাংলার জনজীবনের অবিচ্ছেদ্য অংশ। এদেশের সভ্যতা, কৃষ্টির উপর প্রাকৃতিক দুর্যোগের অপরিসীম প্রভাব রয়েছে। এ দুর্যোগ একদিকে অভিশাপ, অন্য দিকে বাঙ্গালী জাতিকে সংগ্রাম করে বাঁচতে শিক্ষা দেয়। বিশ শতকের শেষ প্রান্তে এসেও আমরা ঘুর্নিঝড়, জলোচ্ছ্বাস ও প্লাবনকে প্রতিরোধ করতে পারছিনা। কিন্তু আমরা আমাদের মেধা ও অভিজ্ঞতার আলোকে প্রাকৃতিক দুর্যোগ প্রশমন করতে পারি। দুর্যোগের ধ্বংসলীলা ও ব্যাপকতাকে কমিয়ে আনতে পারি। অথচ দুর্যোগের অভিজ্ঞতার আলোকে অতীতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়নি। ১৭৮৭ সালে ভয়াবহ ও সর্বাগ্রাসী বন্যার পরে ১৯৯৮ সালের বন্যা সবচেয়ে ভয়াবহ। এ বন্যা মোকাবিলায় সরকার সর্বোত্তম ব্যবস্থাপনা ও দক্ষতার স্বাক্ষর রেখেছে।



দেশে সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনার প্রাতিষ্ঠানিক রূপ দিতে বর্তমানে দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরোর পরিচালনায় একটি প্রকল্প বাস্তবায়ন প্রক্রিয়ায় রয়েছে। প্রকল্পটি দেশে ইউনিয়ন হতে জাতীয় পর্যায় পর্যন্ত দুর্যোগকালীন কর্মপরিকল্পনা প্রণয়ন, গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ মডিউল তৈরী, প্রত্যন্ত এলাকার সঙ্গে যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন, দেশে জাতীয় ব্যবস্থাপনা নীতিমালা প্রণয়ন, ইত্যাদি নিশ্চিত করবে। দুর্গত মানুষকে সার্বিক সহযোগিতা দানের পাশাপাশি দুর্যোগ মোকাবিলায় তাদের ও জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা অবকাঠোমোর সক্ষমতা বৃদ্ধির সরকারী এই উদ্যোগ প্রশংসার দাবী রাখে।



১৯৯৮ সালে বাংলাদেশ ভয়াবহ বন্যার শিকার হয়েছে। সেই দুঃসহ স্মৃতি নিয়ে আজ বিশ্ববাসীর সাথে বাংলাদেশে আমরাও “আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দশক দিবস” উদ্‌যাপন করছি। এবারের বন্যার প্রেক্ষাপটে দিবসটির জন্য নির্দ্ধারিত প্রতিপাদ্য “প্রাকৃতিক দুর্যোগ নিবারণ ও গণমাধ্যম” অত্যন্ত তাৎপর্যপূর্ণ। দুর্যোগ প্রতিরোধ ও প্রশমনে জনগণের সচেতনতার যে কোন বিকল্প নেই এ বাণী তৃণমূল পর্যায়ে পৌছে দেয়ার গুরু দায়িত্ব পালন একমাত্র গণমাধ্যম এর দ্বারা সম্ভব। আজ দিবসটি পালনের মাধ্যমে আমাদের গণমাধ্যমের ভূমিকা দুর্যোগ মোকাবিলায় আরো ব্যাপকতর হবে এই প্রত্যাশা পোষণ করছি।

বাংলাদেশ চিরজীবী হোক

মুহাম্মদ সিরাজউদ্দীন আহমেদ
মহা-পরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরো

বাণী

আবহমান কাল হতে বাংলাদেশ প্রাকৃতিক দুর্যোগের শিকার হয়ে আসছে। প্রায় প্রতি বছর কোন না কোন প্রাকৃতিক দুর্যোগ এ 'দেশে আঘাত হেনে অর্থ-নৈতিক কাঠামোয় চাপের সৃষ্টি করে। এ'সব প্রাকৃতিক দুর্যোগের মধ্যে রয়েছে ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, বন্যা, খরা, টর্ণেডো, নদী-ভাঙ্গন, ইত্যাদি। ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, বন্যা ও খরার তীব্রতা মাঝে মাঝে এতো ভয়ঙ্কর রূপ ধারন করে যে, জীবনহানি ও ক্ষতির পরিমান বিপুল হয়ে বিশ্বে আলোড়নের সৃষ্টি করে। জাতীয় এমন মহা-বিপর্যয়কে কাটিয়ে উঠতে দীর্ঘ সময়ের প্রয়োজন হয়, বিঘ্নিত হয় চলমান উন্নয়ন কর্মকান্ড এবং আবেদন জানাতে হয় বিদেশী সাহায্যের জন্য।

এ দেশের জনগণ মাত্র কয়েক দশকের ব্যবধানে প্রাকৃতিক দুর্যোগে চরম মূল্য দিয়েছে বারবার। ১৯৭০ সনের ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসে লোকক্ষয় ও সম্পদ হানির অনেকটা পুণরাবৃত্তি ঘটেছে ১৯৯১সনের ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসে। ১৯৮৭ ও ১৯৮৮ সনের বন্যার ব্যাপকতা ও ক্ষয়ক্ষতির পুণরাবৃত্তি ঘটলো এ' বছরের ভয়াবহ বন্যায়। এ'বছরের বন্যা দীর্ঘতম স্থায়ীত্বের জন্য হয়েছে নজিরবিহীন। এ বন্যার ক্ষয়ক্ষতি পূরণের লক্ষ্যে আন্তর্জাতিক সাহায্যের প্রয়োজন দেখা দিয়েছে। সারা দেশের মানুষ, সরকার, রাজনৈতিক দলসমূহ, বিভিন্ন সংস্থা, সেচ্ছাসেবী প্রতিষ্ঠান ও এন জি ও একযোগে কাজ করে যাচ্ছে দুর্গত জনগণের ভোগান্তি কমাতে। এতো কিছু সত্ত্বেও সময় লাগবে সব ক্ষতি পুষিয়ে স্বাভাবিক উন্নয়নের পথে এগিয়ে চলতে।

প্রাকৃতিক দুর্যোগকে ঠেকানো সম্ভব নয় সত্যি, কিন্তু সার্থকভাবে মোকাবিলা করা কঠিন নয়। এর জন্য দেশে দুর্যোগ ব্যবস্থাপনার প্রাতিষ্ঠানিক রূপদানসহ পূর্ব-প্রস্তুতির যেমন প্রয়োজন রয়েছে, তেমনি গণমাধ্যমের সংশ্লিষ্টতা ও ভুমিকা পালনের গুরুত্ব রয়েছে অপরিসীম। দুর্যোগ মোকাবিলায় গণমাধ্যমের প্রয়োজনীয়তা স্বীকৃতি পেয়েছে সারা বিশ্বে। আজ বিশ্ব জুড়ে 'আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দশক দিসব' পালিত হচ্ছে। দিবসটির জন্য নির্দ্ধারিত প্রতিপাদ্য হলো “প্রাকৃতিক দুযোর্গ নিবারণ ও গণমাধ্যম”। আজকের এ দিনটিতে বিশ্বের প্রতিটি দেশে দুর্যোগ মোকাবিলায় গণমাধ্যমের সংপৃক্ততা নানা আংগিকে উপস্থাপিত হবে।

এবারের ভয়াবহ বন্যার প্রেক্ষাপটে আমাদের দেশেও আজ “আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দশক দিবস” পালিত হচ্ছে। দিবসটি পালনের মধ্য দিয়ে আমাদের গণমাধ্যম দুর্যোগ মোকাবিলায় আরেক নির্ভরযোগ্য হাতিয়ার হিসেবে আত্মপ্রকাশ করুক এই প্রত্যাশা রাখছি আন্তরিকভাবে।

দিবসটির সার্বিক সাফল্য কামনা করছি।

বাংলাদেশ চিরজীবী হোক

আজাদ রুহুল আমিন
সচিব
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান মন্ত্রনালয়

বাণী



বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ। প্রচন্ড প্রতিকুলতার চাপে এ'দেশের আর্থ-সামাজিক কাঠামো অনেক সময় ভেঙ্গে পড়বার উপক্রম হয়। এই প্রতিকূলতার সৃষ্টি হয় প্রধাণতঃ প্রাকৃতিক দুর্যোগের কারণে। ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, বন্যা, খরা, টর্ণেডো-এ'সবই প্রাকৃতিক দুর্যোগ। বাংলাদেশ এ'সব দুর্যোগের যে কোনটির নির্মম শিকার হয় প্রায় প্রতি বছর। আমাদের উন্নয়নের ধারাবাহিকতা বিঘ্নিত হয় বার বার।

প্রাকৃতিক দুর্যোগকে নিয়ন্ত্রণ করা বিজ্ঞানের পক্ষে সম্ভব নয়। তবে ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, বন্যা-এ'সব দুর্যোগকে সাফল্যের সঙ্গে মোকাবিলা করা সম্ভব। এর জন্য তৃণমূল হতে জাতীয় পর্যায় পর্যন্ত পূর্ব-প্রস্তুতির প্রয়োজন। যা' সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনার এক গুরুত্বপূর্ণ সোপান হিসেবে কাজ করবে। দুর্যোগ ব্যবস্থাপনায় কাঠামোগত ও অকাঠামোগত উভয় ক্ষেত্রে বিজ্ঞানসম্মত উন্নয়নের সুযোগ রয়েছে। এই উপলব্ধি থেকেই বর্তমানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার কাঠামোগত সংস্কারে যেমন হাত দিয়েছে, তেমনি অকাঠামোগত উন্নয়নে বিশেষ গুরুত্ব আরোপ করেছে। এ' কারণে “ব্যাপক দুর্যোগ ব্যবস্থাপনায় সহায়তা” শীর্ষক একটি প্রকল্পের বাস্তবায়ন দুর্যোগ ব্যবস্থাপনা ব্যুরোর তত্বাবধানে দ্রুত এগিয়ে চলেছে।

বাস্তবায়নাধীন প্রকল্পের আওতায় পূর্ব-প্রস্তুতির উপাদান হিসেবে গণসচেতনতা বৃদ্ধির কার্যক্রম, ইউনিয়ন, থানা ও জেলা পর্যায়ে দুর্যোগকালীন কর্মপরিকল্পনা তৈরী, আপদকলীন অপারেশন কেন্দ্র প্রতিষ্ঠা, সতর্ক সংকেত এর সংস্কার, জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনার আইনগতভিত্তি রচনা ইত্যাদিকে অগ্রাধিকার দেয়া হয়েছে। প্রকল্পটির সফল বাস্তবায়ন দেশে সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনায় বিভিন্ন মন্ত্রণালয়, দপ্তর / সংস্থা ও এনজিওদের মধ্যে অংশীদারিত্বের ভিত্তিতে সমন্বিত কর্মকান্ডকে জোরদার করবে। এর ফলে দেশে দুর্যোগ ব্যবস্থাপনা একটি প্রাতিষ্ঠানিক রূপ লাভ করবে।

বর্তমান সরকার যে কোনো দুর্যোগে জনগনের পাশে এসে তাদের দুর্ভোগ লাঘবে সব রকম সহযোগিতা প্রদানের জন্য প্রদত্ত প্রতিশ্রুতিতে অটল। সরকার এবার বর্ষায় সংঘটিত স্মরণকালের ভয়াবহ বন্যায় সম্পদের সীমাবদ্ধতা সত্ত্বেও দুর্গত মানুষকে সাহায্য করতে সম্ভাব্য সব রকম ত্রাণ ব্যবস্থা নিশ্চিত করেছে এবং বন্ধু রাষ্ট্রসমূহের সহযোগিতায় ত্রাণ কার্য অব্যাহত রেখেছে। সরকার ক্ষতিগ্রস্ত মানুষকে দেশের স্বাভাবিক মুল জীবনধারায় ফিরিয়ে আনতে বন্যা পরবর্তী ব্যাপক কর্মসূচী গ্রহণ করেছে। এ 'সবই দুর্গত জনগণকে সেবা দানে সরকারের অঙ্গীকারের বহিপ্রকাশ।



আজ “আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দশক দিবস” সারা বিশ্বে প্রতিপালিত হচ্ছে। এ 'বছরের বন্যার প্রেক্ষাপটে “আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দশক দিবস” ও দিবসটির জন্য নির্দ্ধারিত প্রতিপাদ্য “প্রাকৃতিক দুর্যোগ নিবারণ ও গণমাধ্যম” বাংলাদেশের জন্য অত্যন্ত অর্থবহ। তাই বর্তমান সরকার সম্পদের সীমাবদ্ধতার মধ্যে যথাযথ গুরুত্বের সাথে দেশের প্রতিটি জেলায় এবং দুর্যোগপ্রবণ সকল থানায় দিবসটি পালনের সিদ্ধান্ত নিয়েছে। দিবসটি পালনের মধ্য দিয়ে আমাদের গণমাধ্যম দুর্যোগ ব্যবস্থাপনায় তাদের ভূমিকাকে আরো গভীরভাবে উপলব্ধি করবে বলে আমি বিশ্বাস করি।

দিবসটির সাফল্য সর্বাংশে কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক

তালুকদার আব্দুল খালেক
প্রতিমন্ত্রী
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

Meassage

The International Day for Natural Disaster Reduction is being celebrated when Bangladesh has just survived yet another flood, the worst in living memory. We mourn the loss of over a thousand lives and, on behalf of the UN System, extend our condolences to the bereaved families and the Government of Bangladesh. We have been particularly concerned over the past weeks about the loss of crops and concurrent loss of employment, combined with extensive damage to infrastructure, and hope that the rural economy will soon recover, and people will be able to return to work and feed themselves. The Government is doing everything in its limited capacity to provide relief to those worst affected, often the poorest who have no means to support themselves. Bangladesh's development partners, including the UN System, have already committed extensive assistance in support of the Government's effort, and are ready to address rehabilitation needs by giving high priority to flood affected areas in their assistance programmes.

Bangladesh, as a nation, has shown the world that it has developed the capacity to cope with natural disasters, and though there is still room for improvement, today, we can commend the people, the NGOs, the district personnel and other local government officials, all the people, who came togehter to share information, shelter, food and medical supplies to help each other through the flood. Over the course of the last 25 years, Bangladesh has developed a comprehensive system of disaster preparedness which extends down to the union level which contributes greatly to an effective and equitable response reaching every corner of the country. Appropriately, this year's theme is - "Prevention begins with Information - Natural Disaster Prevention and the Media. "The role of media in effective disaster management is undisputed. It extends from 'normal' times when information on preparedness can be disseminated, through 'during' when warning and precautionary messages can be carried, to "post disaster" when measures to mitigate the suffering can be made available. It has an important role in reporting on the impact of a disaster, the actions being taken to reduce the impact, and the weaknesses in the systems that are in place for better disaster management. The media, both print and electronic, can form partnerships with government agencies and NGOs to promote better disaster menagement measures. The media has a role to play in disseminating information on what people can do to protect themselves from disasters. It is critical that the media, and other channels of information, government as well as non-governmental, continue to disseminate to the public, throughout the year, information that will enhance their preparedness for the inevitable return of floods and cyclones.

After the last floods in 1988, a major effort was made to complete a Flood Action Plan. Some parts of the plan are too ambitious or expensive to realise: others are all still the subject of controversy. Bangladesh's development partners are all anxious to help find ways of mitigating the effect of similar floods in the future, and expect to continue to implement those parts of the Plan where broad agreement has been reached amongst the experts, as well as to contibute to finding consensus on more contentious aspects.

David E. Lockwood
UN Resident Coordinator and
UNDP Resident Representative
Dhaka

সৌজন্যে ঃ সোনালী ব্যাংক · জনতা ব্যাংক · অগ্রণী ব্যাংক